# 363474 - রোযা অবস্থায় দাঁতের আঠা ব্যবহার করার হুকুম

## প্রশ্ন

রমযান মাসে polident নামক দাঁতের আঠা ব্যবহার করা কি জায়েয; উল্লেখ্য এর কোন ঘ্রাণ বা স্বাদ নেই।

## প্রিয় উত্তর

উল্লেখিত দাঁতের আঠা ও সমজাতীয় আঠাগুলো সাধারণতঃ দাঁতের মাড়ির ওপর ডেন্টাল ইমপ্লান্টকে অনড়ভাবে বসানোর জন্য, মুখের ভেতরে এর নড়াচড়া রোধ করার জন্য এবং চিবানো ও কথা বলার সময়ে অবিচল রাখার জন্য ব্যবহার করা হয়।

রোযা অবস্থায় এটি ব্যবহার করার হুকুম নিম্নোক্ত বিষয়ের ওপর নির্ভর করে: এই আঠা কি মুখের ভেতরে দ্রবীভুত হয় বা এর থেকে কোন ক্ষুদ্রাংশ কি ভাঙ্গে; নাকি এমনটি ঘটে না?

এটি জানা যাবে অভিজ্ঞতার মাধ্যমে কিংবা বিশেষজ্ঞদেরকে জিজ্ঞেস করার মাধ্যমে।

জনৈক ডেন্টাল বিশেষজ্ঞকে জিজ্ঞেস করলে তিনি আমাদেরকে জানান যে, সাধারণতঃ এ আঠা থেকে কোন কিছু দ্রবীভুত হয় না, মুখের ভেতরে এর কোন কিছু গলে না এবং কোন ক্ষুদ্রাংশ ভাঙ্গে না। কারণ সাধারণতঃ এটি ইমপ্লান্টের ফাঁকা জায়গার ভেতরে দেয়া হয়। এরপর এর মাধ্যমে মাড়ির ওপরে ইমপ্লান্টটি মজবুতভাবে বসে থাকে, যে জন্য এটাকে তৈরী করা হয়েছে।

ইমপ্লান্টটি খোলার সময় কিংবা এটি সস্থান থেকে নড়ে গেলে এর ক্ষুদ্রাংশ ভাঙ্গার সম্ভাবনা তৈরী হয়। সেক্ষেত্রে এই আঠালো উপাদানের ভঙ্গাংশগুলো ছুটে ছুটে মুখে জমা হয়। এই ক্ষুদ্রাংশগুলো মুখে জমিয়ে কোন কষ্ট ছাড়া খুব সহজে মুখ থেকে ফেলে দেয়া যায়।

মুখের অভ্যন্তরে খাবারের যে ক্ষুদ্রাংশ থেকে যায় কিংবা মিসওয়াকের যে অংশ মুখের ভেতরে ছিড়ে যায় সেগুলোর ক্ষেত্রে এটি করা আবশ্যকীয়।

আর গলে গেলে তো সেটি: রোযাদারের অজান্তেই বা নিয়ন্ত্রণের বাইরে পেটে চলে যাবে। তবে গলে যাওয়া এই পদার্থের বৈশিষ্ট্য নয়। এটি টুথপেস্টের মত নয় যে, মুখের ভেতরে কিছু থেকে গেলে দ্রবীভুত হয়ে পেটে নেমে যাবে।

চিকিৎসা ক্ষেত্র সংক্রান্ত রোযা ভঙ্গকারী বিষয়াবলীর ব্যাপারে ফিকাহ একাডেমীর সিদ্ধান্তে এসেছে:

এক: নিম্নোক্ত বিষয়াবলী রোযা ভঙ্গকারী হিসেবে গণ্য হবে না:

৬। দাঁতের রুট ক্যানেল করা, দাঁত ফেলা, মেসওয়াক দিয়ে কিংবা ব্রাশ দিয়ে দাঁত পরিস্কার করা; যদি ব্যক্তি কোন কিছু গলায় চলে গেলে সেগুলো গিলে না ফেলে।

আরও জানতে দেখুন 13619 নং প্রশ্নোত্তর।

আল্লাহই সর্বজ্ঞ।